

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৭৭) তামাত্রু কারী যদি নিজ দেশে ফেরত গিয়ে আবার হজের জন্য সফর করে, তবে কি ইফরাদকারী হিসেবে গণ্য হবে?

উত্তর: হ্যাঁ, তামাতু কারী উমরা আদায় করার পর নিজ দেশে ফেরত গিয়ে আবার সেই বছর হজের জন্য মক্কা সফর করলে সে ইফরাদকারী হিসেবে গণ্য হবে। কেননা নিজ পরিবারের কাছে প্রত্যাবর্তনের মাধ্যমে হজ ও উমরার মাঝে বিচ্ছিন্নতা করেছে। আবার সফর শুরু করার অর্থ হচ্ছে সে হজের জন্য নতুনভাবে সফর করছে। তখন তার এ হজ ইফরাদ হিসেবে গণ্য হবে। এ অবস্থায় তামাতু কারীর মতো হাদঈ যবাই করা তার ওপর ওয়াজিব হবে না। কিন্তু নিজ দেশে ফিরে যাওয়াটা যদি তার হাদঈ রহিত করার বাহানা হয়, তবে হাদঈ রহিত হবে না। কেননা কোনো ওয়াজিব রহিত করার বাহানা করলে তা রহিত হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1151

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন